



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১১৬৭

তারিখ: ১৪-০৬-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৬-০৪-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৪৫৬৫))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন চাকুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মোঃ মাহাবুর মোল্যা একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৪-০৬-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল।

সংযুক্তি: অভিযোগের ছয়ালিপি

নথি নং-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১১৬৭ (৬)

তারিখ: ১৪-০৬-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল।
- ৪। প্রধান শিক্ষক, চাকুলিয়া মাধ্যমিক বিদ্যালয়, হাটমিঠাপুর, লোহাগড়া, নড়াইল।
- ৫। অভিযোগকারী, জনাব মোঃ মাহাবুর মোল্যা (০১৭৪৬-০৫২০১৫), হাট-মিঠাপুর, লোহাগড়া, নড়াইল।
- ৬। অফিস নথি।

১৪-০৬-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

চেয়ারম্যান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয় : চাকুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে সভাপতি নির্বাচনে অনিয়ম প্রসঙ্গে।

জনাব,

যথা বিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ মাহাবুর মোল্যা, পিতাঃ মৃতঃ সাদেরুদ্দিন মোল্যা, গ্রামঃ গোপালপুর, থানাঃ লোহাগড়া, জেলাঃ নড়াইল। নড়াইল জেলার অন্তর্গত লোহাগড়া উপজেলাধীন ১ নং নলদী ইউনিয়নের অন্তর্গত চাকুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের কার্যনির্বাহী কমিটির সভাপতি নির্বাচনে একজন প্রার্থী হিসাবে অংশগ্রহণ করিয়া ছিলাম। গত ইংরেজি ৩১/০৩/২০২২ তারিখে উপজেলা সমাজসেবা অফিসারের তত্ত্বাবধানে তাহার অফিস কক্ষে নির্বাচনটি অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে দাতা সদস্য হিসাবে যাহার ভোট দেওয়ার কথা তাহার নাম গৌর চন্দ্র বিশ্বাস যিনি চাকুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের দাতা সদস্য হিসাবে দায়িত্বরত আছেন। কিন্তু বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কারসাজিতে দাতা সদস্যের পরিবর্তে তাহার পুত্র রাম কৃষ্ণ বিশ্বাসকে দিয়া তাহার পিতার ভোট প্রদান করা হইয়াছেন। যাহা আইনে সম্পূর্ণরূপে অবৈধ।

এমতাবস্থায়, জনাবের নিকট আমার আকুল আবেদন বিষয়টি সম্পূর্ণরূপে তদন্ত পূর্বক চাকুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সদ্য গঠিত কার্যনির্বাহী কমিটি বাতিল ঘোষণা করিতে জনাবের একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ মাহাবুর মোল্যা

মোঃ মাহাবুর মোল্যা

গ্রামঃ গোপালপুর, ডাকঘরঃ হাট-মিঠাপুর

উপজেলাঃ লোহাগড়া, জেলাঃ নড়াইল।

মোবাইল নং : ০১৭৪৬-০৫২০১৫